

সবার গান (Our Song)

©Deepak Sarkar, Writen on 6/12/2003, Victoria, British Columbia

আয়রে তোরা আয় সবাই
নতুন গানের পদ সাজাই
ছন্দ, কথায়, সুরে, তালে ভরুক সবার প্রাণ!
এ গান তোমার গান, এ গান আমার গান!
প্রানে প্রানে মিলনের গান!

আয়রে নাচি আয় সবাই
নতুন নাচের ঢং জাগাই
সহজ, সবল, ভংগি ভাবে নাচুক সবার প্রাণ!
এ নাচ তোমার নাচ, এ নাচ আমার নাচ!
বিশ্ব প্রানে ছন্দ মেলার নাচ!

আয়রে খাটি আয় সবাই
কাজকে খেলার রূপ লাগাই
কাজের ফসল তুলে আজ হাসুক সবার প্রাণ!
এ কাজ তোমার কাজ, এ কাজ আমার কাজ!
যৌথ সমাজ গড়ে তোলার কাজ!
যৌথ সমাজ গড়ে ওঠার কাজ!